# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/Standing-1/২০২১/

তারিখ ঃ

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিড়িটর সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ২৩/০২/২০২১ ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০৩:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ- ১) বিগত সভার কার্য বিবরনী পাঠ ও বিতরন।
২) দুস্থ্য নারীদের আত্মকর্ম সংস্থানের ব্যবস্থা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩) বিবিধ।

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর -২
ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব--------------------------------

--------------------------------

সদস্য/ সদস্য-সচিব

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি

কোটালীপাড়া পৌরসভা

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। সহকারী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। হিসাব রক্ষক, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৫। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায়

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ , সকাল ঃ

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সালেহা বেগম | সভাপতি | |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | |
| ০৩ | জনাব রুবিয়াা বেগম | সদস্য | |
| ০৪ | জনাব রাবেয়া বেগম | সদস্য | |
| ০৫ | জনাব নাসির উদ্দিন সরদার | সদস্য | |
| ০৬ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | সদস্য | |
| ০৭ | জনাব শিরিন আক্তার | সদস্য-সচিব | |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব সালেহা খানম, কাউন্সিলর সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ১৬/০৩/২০১২১ খ্রিঃ।
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০২ | জনাব রুবিয়াা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৪ | জনাব নাসির উদ্দিন সরদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৫ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৬ | জনাব শিরিন আক্তার | উচ্চমান সহকারী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব সালেহা খানম, কাউন্সিলর ,সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারীবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববতী কার্য বিবরনী পাঠ ও অনুমোদন। | গত সভার কার্যবিবরনী পাঠ করা হলো এবং বিস্তারিত আলোচনা করা হলো। | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। |
| ০২ | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্ম বার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-২০২১ উদ্যাপন উপলক্ষে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি জনাব সালেহা খানম বলেন- আগামী ১৭ই মার্চ,২০২১ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্ম দিন এবং জাতীয় শিশু দিবস-২০২১ উপলক্ষে কোটালীপাড়া পৌরসভার উদ্দোগে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন, ১০১ পাউন্ডের কেক কাটা, পৌর নির্ভরতা সম্মেলন কক্ষে বিশেষ আলোচনা সভার আয়োজন, দোয়া মাগফিরাত কামনা, শিশুদের জন্য অংকন প্রতিযোগীতার ব্যাবস্থা, পৌরসভা কার্যালয় আলোক সজ্জার ব্যবস্থা করা যেতে পারে। এ প্রসঙ্গে পৌরসভার সম্মানীত মেয়র জনাব মো: কামাল হোসেন শেখ বলেন- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্ম বার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-২০২১ উদ্যাপন সুন্দর এবং সার্থক ভাবে বাস্তাবায়নের ব্যাপারে সকলের সহযোগীতা কামোনা করছি। | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্ম বার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-২০২১ নিখুতভাবে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | ২য় পর্যায়ের করোনা সতর্কতা এবং করণীয় বিষয়ে আলোচনা। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য এবং ৩ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব রাবেয়া বেগম শুভেচ্ছা জানিয়ে বলেন- করোনা ভাইরাসের দ্বিতীয় ঢেউ আসতে শুরু করেছে। ইতো মধ্যে করোনায় আক্রান্তের এবং মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পেয়েছে অতএব আমাদের সকলকে বিষয়টি গুরুত্বের সাথে নিতে হবে। এ পরিস্থিতি মোকাবেলায় জনসমাগম এড়িয়ে চলতে হবে। * যতবেশী পারেন আপনার কণ্ঠনালীকে আদ্র করে রাখুন, কোন অবস্থাতেই শুষ্ক হতে দেয়া যাবে না। * কাজেই তৃষ্ণা পেলেই পানি পান করুন। কণ্ঠনালী যদি শুষ্ক থাকে তবে মাত্র দশ মিনিটেই আপনি এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। *৫০ থেকে ৮০ সিসি হালকা গরম পানি পান করুন আর | করোনা ভাইসার সম্পর্কে দরিদ্র জনগোষ্ঠিসহ সকলের মাঝে সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | ছোটদের জন্য ৫০ সিসির মধ্যে। *যখনই আপনি মনে করছেন আপনার কণ্ঠনালী শুষ্ক হয়ে আসছে অপেক্ষা না করে দ্রুত পানি পান করুন। * সবসময় হাতের কাছে বিশুদ্ধ পানি রাখুন। * একবারে প্রচুর পানি পান করে লাভ নেই, বরং অল্প অল্প বিরতিতে অল্প অল্প পান করে কণ্ঠনালীকে সব সময় ভিজিয়ে রাখুন। * জনাকীর্ণ জায়গা থেকে দূরে থাকুন। * ট্রেন, বাস এবং যে কোন পাবলিক ট্রান্সপোর্টেশানে মাক্ষ পরুন। * ভাজাপোড়া এড়িয়ে চলুন। * যে সব খাবারে প্রচুর ভিটামিন সি আসে সেই খাবারগুলো বেশী করে খান।<br>এ প্রসঙ্গে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সভাপতি জনাব সালেহা খানম বলেন - করোনা ভাইরাস হওয়ার লক্ষণ সমূহ আমাদের সকলকে জেনে রাখা জরুরী। ১ম লক্ষণ- ঘন ঘণ উচ্চ তাপমাত্রার জ্বর। ২য় লক্ষণ- জ্বরের পর দীর্ঘায়িত কাশি। ৩য় লক্ষণ- বয়স্করে শারীরিক অসুস্থতাবোধ করা, মাথাব্যাথা, বিশেষকরে শ্বাস-প্রশ্বাস জনিত রোগে ভোগা। এছাড়াও শিশুদের হওয়া প্রবণতা বেশি। এই রোগ অত্যন্ত সংক্রামক বা ছোয়াচে। এই রোগে আক্রান্ত হওয়ার আগে সর্বোচ্চ প্রস্তুতি নিন। মনে রাখবেন- ফুসফুসে পৌছানোর আগে করোনা ভাইরাসটি চারদিন পর্যন্ত গলায় থাকে, এই সময়ে আক্রান্ত ব্যক্তি কাশি শুরু করে এবং গলায় ব্যাথা শুরু হয়। যদি তিনি প্রচুর পরিমাণে পানি পান করেন এবং গরম পানি, ভিনেগার বা লবণ দিয়ে জড়ানো ভাইরাসটি নির্মূল করেন, তাহলে খুব শীঘ্রই সুস্থ্য হয়ে উঠবেন। আতংকিত না হয়ে সচেতন হউন। করোনা ভইরাস রোগ প্রতিরোধে রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনষ্টিটিউট (আইইডিসিআর) এর জরুরী হট লাইন নম্বরে কল করুন- ০১৭০০ ৭০০৭৩৭, ০১৯৩৭ ১১০১১, ০১৯৩৭ ০০০০১১, ০১৯২৭ ৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫। | |
| ০৪ | বিবিধ | বিবিধে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর-২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।